Government of West Bengal
Office of the Block Development Officer
Canning – I Development Block

সত্যমেব জয়তে

পশ্চিমবঙ্গ সরকার
সমষ্টি উন্নয়ন আধিকারিকের কার্যালয়
ক্যানিং–১ সমষ্টি উন্নয়ন ব্লক

বিজ্ঞপ্তি

Notification No. CAN I BDO/001/ASHA/2026 Date: 25/11/2026

পশ্চিমবঙ্গ সরকারের রাজ্য মিশন অধিকর্তা, জাতীয় গ্রামীণ স্বাস্থ্য মিশনের ২৭.০৬.২০১২ তারিখের পত্র নং: HFW/NRHM-20/2006/(Part-II)/1631-এর নির্দেশনামা অনুসারে, দক্ষিণ ২৪ পরগনা জেলার ক্যানিং মহকুমার অন্তর্গত ক্যানিং ১ ব্লক এলাকার সংযুক্ত তপশীলে বর্ণিত বিভিন্ন উপস্বাস্থ্য কেন্দ্রে শূন্যপদের সংখ্যা অনুযায়ী চুক্তি ভিত্তিক ASHA (Accredited Social Health Activist)/আশা কর্মী নিয়োগের উদ্দেশ্যে সংশ্লিষ্ট এলাকার গ্রামগুলির মহিলা প্রার্থীদের কাছ থেকে উক্ত পদের জন্য নির্দিষ্ট আবেদনপত্রে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

শর্তাবলি:-

১। কেবলমাত্র বিবাহিতা, বিধবা অথবা আদালত কর্তৃক ডিক্রিমূলে বিবাহবিচ্ছিন্না মহিলারাই আবেদন করতে পারবেন।

২। আগ্রহী প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট গ্রামের নির্দিষ্টভাবে চিহ্নিত **পরিষেবা এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে** (প্রধান সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর, পশ্চিমবঙ্গ সরকারের ০৬-০৬-২০২৩ তারিখের স্মারক সংখ্যা HFW-27011/558/2022-NHM SEC-Dept. of H&FW/3312 অনুসারে)। প্রমাণস্বরূপ, প্রার্থীর ভোটার পরিচয়পত্র এবং রেশন কার্ডের স্ব-প্রত্যয়িত প্রতিলিপি জমা দিতে হবে।

৩। সাধারণ প্রার্থীদের বয়স ২৫-১১-২০২৬ তারিখে ৩০ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তপশিলি জাতি ও তপশিলি উপজাতিভুক্ত প্রার্থীদের বয়সসীমা ওই তারিখে ২২ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে।

৪। প্রার্থীকে মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় অবতীর্ণ হতে হবে। মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় অনুত্তীর্ণ প্রার্থীরাও আবেদনকারী হিসেবে বিবেচিত হবেন। উচ্চতর শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন প্রার্থীরাও আবেদন করতে পারবেন। তবে এ ক্ষেত্রে মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় প্রাপ্ত নম্বরই বিবেচনা করা হবে। উচ্চতর শিক্ষাগত যোগ্যতা থাকায় প্রার্থীরা অতিরিক্ত কোনো মূল্যায়নগত সুবিধা পাবেন না।

৫। গ্রেড-১ এবং গ্রেড-২ স্বনির্ভর গোষ্ঠীর সদস্য, প্রশিক্ষণপ্রাপ্ত দাই এবং লিঙ্ক ওয়ার্কাররা সংশ্লিষ্ট বিভাগীয় শংসাপত্র দাখিল করলে অগ্রাধিকার পাওয়ার যোগ্য হবেন।

৬। সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর, পশ্চিমবঙ্গ সরকারের ০৩-১২-২০২১ তারিখের স্মারক সংখ্যা HFW-27011/375/2018-NHM SEC-Dept. of H&FW-Part(2)/3692 অনুসারে যে সমস্ত গ্রামে তপশিলি জাতি / উপজাতিরা সংখ্যাগরিষ্ঠ, সেখানে প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন তপশিলি জাতি / উপজাতির আবেদনকারীরা অগ্রাধিকার পাবেন। যদি এমন প্রার্থী না পাওয়া যায়, সেক্ষেত্রে সাধারণ প্রার্থীরা মনোনীত হতে পারেন। সংযোজনী-২ -এ এমন সব গ্রামের নামের পাশে শেষ কলামে অগ্রাধিকারের উল্লেখ আছে।

৭। একজন প্রার্থী কেবলমাত্র একটি আবেদনপত্র জমা দিতে পারবেন। একজন প্রার্থী কর্তৃক একাধিক আবেদন জমা দেওয়া হলে, সবকটি আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৮। আবেদনকারীর সঙ্গে নিম্নলিখিত প্রমাণপত্রগুলির স্ব-প্রত্যয়িত প্রতিলিপি জমা করতে হবে:

ক) জন্মতারিখের প্রমাণপত্র অথবা মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার অ্যাডমিট কার্ড।

খ) সংশ্লিষ্ট এলাকার বাসিন্দা হিসেবে ভোটার পরিচয়পত্র (EPIC) ও রেশন কার্ড।

গ) উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত জাতিগত শংসাপত্র (তপশিলি জাতি, তপশিলি উপজাতি) (প্রযোজ্য ক্ষেত্রে)।

ঘ) মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার মার্কশিট।

Canning Town, South 24 Parganas
Phone No- 255- 205

ক্যানিং, দক্ষিণ ২৪ পরগনা
Email- bdocng12014@gmail.com

ঙ) উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত গ্রেড-১ ও গ্রেড-২ স্বনির্ভর গোষ্ঠীর সদস্য/প্রশিক্ষণপ্রাপ্ত দাই এবং লিঙ্ক ওয়ার্কার হিসেবে কাজ করার প্রমাণপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।

চ) বর্তমান বৈবাহিক স্থিতির (বিবাহিতা/ বিবাহবিচ্ছিন্না / বিধবা) উপযুক্ত প্রমাণপত্রের নথিপত্র জমা করতে হবে ।

ছ) প্রার্থীর স্বাক্ষরসহ ২ কপি পাসপোর্ট সাইজের সাম্প্রতিক ছবি।

জ) ৫ টাকার ডাকটিকিটসহ নিজের নাম ও ঠিকানা লেখা একটি খাম।

ঝ) সাম্প্রতিক ভোটার তালিকায় বর্তমান অংশ নম্বর ও ক্রমিক নম্বরের স্ব-প্রত্যয়িত নকল।

উল্লিখিত শংসাপত্রগুলির মধ্যে যেকোনো একটি আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত না থাকলে আবেদনপত্র বাতিল করা হবে। ইন্টারভিউ এর দিন প্রার্থীকে অবশ্যই ক) থেকে চ) তে উল্লিখিত প্রমাণপত্র গুলির আসল দেখতে হবে।

৯। আবেদনপত্রটি খামে ভরে নিম্নলিখিত ঠিকানায় সঠিকভাবে জমা দিতে হবে:

"APPLICATION FOR THE POST OF ASHA FOR ..... VILLAGE/SERVICE AREA UNDER ..... HEALTH SUB-CENTRE"

প্রাপক:
The Block Development Officer
Canning I Development Block
Village: Matla Char, P.O.: Canning
P.S.: Canning, Dist.: South 24 Parganas, PIN: 743329

১০। উপরিউক্ত শর্ত পূরণকারী প্রার্থীদের সাক্ষাৎকারের তারিখ, সময় ও স্থান উল্লেখ করে যোগ্য প্রার্থীদের ঠিকানায় ডাকযোগে পত্র পাঠানো হবে।

১১। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল করা হবে। এ বিষয়ে পরবর্তীকালে কোনো অনুরোধ বা আবেদন গ্রহণ করা হবে না।

১২। আবেদনপত্র জমা দেওয়ার উপায়: আবেদনপত্র শুধুমাত্র ডাকযোগে সংশ্লিষ্ট সমষ্টি উন্নয়ন আধিকারিকের (B.D.O.) কার্যালয়ে গৃহীত হবে।

১৩। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ: ১৫ -১২-২০২৬, বিকেল ৫টা পর্যন্ত।

১৪। প্রার্থীকে অবশ্যই স্পিড পোস্ট/রেজিস্টার্ড পোস্টের মাধ্যমে আবেদনপত্রটি সমষ্টি উন্নয়ন আধিকারিকের কার্যালয়ে উল্লিখিত সময়সীমার মধ্যে জমা দিতে হবে।

আবেদনপত্রের নমুনা সংযোজনী-১-এ এবং ব্লকভিত্তিক আশা কর্মীদের শূন্যপদের তালিকা সংযোজনী-২-এ উল্লেখ করা হয়েছে।

সমষ্টি উন্নয়ন আধিকারিক
ক্যানিং–১ সমষ্টি উন্নয়ন ব্লক
ক্যানিং, দক্ষিণ ২৪ পরগনা

Notification No. CAN I BDO/001/ASHA/2026

Date: 25/11/2026

Government of West Bengal
Office of the Block Development Officer
Canning – I Development Block



পশ্চিমবঙ্গ সরকার
সমষ্টি উন্নয়ন আধিকারিকের কার্যালয়
ক্যানিং–১ সমষ্টি উন্নয়ন ব্লক

Copy forwarded for kind information to:

১) মাননীয় জেলা শাসক এবং সভাপতি, ASHA নির্বাচন কিমিটি, দক্ষিণ ২৪ পরগণা।

২) মাননীয় মুখ্য স্বাস্থ্য আধিকারিক পরিবার কল্যাণ সমিতি, দক্ষিণ ২৪ পরগণা।

৩) মাননীয় অতিরিক্ত জেলা শাসক (স্বাস্থ্য বিভাগ), দক্ষিণ ২৪ পরগণা।

৪) মাননীয় অতিরিক্ত মুখ্য স্বাস্থ্য আধিকারিক, ক্যানিং মহকুমা, সদস্য, ASHA নির্বাচন কিমিটি, দক্ষিণ ২৪ পরগণা।

৫) মাননীয় ডি পি ও (আই সি ডি এস), সদস্য, ASHA নির্বাচন কিমিটি, দক্ষিণ ২৪ পরগণা।

৬) মাননীয় ডি পি এইচ এন ও, সদস্য, ASHA নির্বাচন কিমিটি, দক্ষিণ ২৪ পরগণা।

৭-১০) মাননীয় ব্লক স্বাস্থ্য আধিকারিক .....

সমষ্টি উন্নয়ন আধিকারিক
ক্যানিং–১ সমষ্টি উন্নয়ন ব্লক
ক্যানিং, দক্ষিণ ২৪ পরগনা

Canning Town, South 24 Parganas
Phone No- 255- 205

ক্যানিং, দক্ষিণ ২৪ পরগনা
Email- bdocng12014@gmail.com

Memo No:BMOH/GS-RH/1225 Date: 09.10.2026 Annexure-A

Vacancy of ASHA in Canning-I Block

Sl No.	Vacancy No.	Name of Sub - Division	Name of Block	Name of GP	Name of Sub Center	Service Area	Part No. of the concerned Service Area	Total Population of the Service Area	Sc Population of the Service Area	% of SC Population	ST Population of the Service Area	% of ST Populati on	Preference of ST/SC given, if any
1	1	Canning	Canning-1	Hatpukuria	Hatpukuria	1. Middya Para 2. Ghorami Para 3. Halder Para	187	1133	0	0.00%	0	0.00%	—
2	1	Canning	Canning-1	Hatpukuria	Hatpukuria	Molla Para	188	1206	127	10.53%	0	0.00%	—
3	1	Canning	Canning-I	Hatpukuria	Voleya	1. Mondal Para .2 SK Para	182	1000	36	3.60%	0	0.00%	—
4	1	Canning	Canning-1	Hatpukuria	Voleya	Mistry Para	184	1300	0	0.00%	0	0.00%	—
5	1	Canning	Canning-1	Hatpukuria	Voleya	Dhali Para	195	1400	0	0.00%	0	0.00%	—
6	1	Canning	Canning-1	Daria	Ronla	1. Molla Para 2. Sekh Para	176	1535	0	0.00%	0	0.00%	—
7	1	Canning	Canning-1	Daria	Sundipukuria	Modhya Para & Baidya Para	178	1580	160	10.13%	0	0.00%	—
8	1	Canning	Canning-1	Itkhola	South Redokhali	Garhkhali 1. Omber Jamader Para 2. Bayarmati Paripiya	248	849	67	7.89%	0	0.00%	—
9	1	Canning	Canning-1	Itkhola	Kripakhali	Madhukhali Banamali Mondal Para	268	880	0	0.00%	0	0.00%	—
10	1	Canning	Canning-1	Itkhola	Naliakhali	Gazi Para	247	1533	256	16.70%	0	0.00%	—
11	1	Canning	Canning-1	Itkhola	Naliakhali	Uttar Redokhali 1. Bipin Naskar Para 2. Pulin Sarkar Para	244	1686	1500	88.97%	0	0.00%	SC
12	1	Canning	Canning-1	Itkhola	Golabari	Budhokhali 1. SK Para 2. Laskar Para	266	940	0	0.00%	0	0.00%	—
13	1	Canning	Canning-1	Itkhola	Modhukhali	1. Pakhiralay Para 2. Gayen Chak Para	255	986	570	57.81%	200	20.28%	SC
14	1	Canning	Canning-1	Itkhola	Modhukhali	Dhiren Chatterjee Para	257	1290	766	59.38%	0	0.00%	SC
15	1	Canning	Canning-1	Itkhola	Modhukhali	Bhaben Mondal Para	258	1089	820	75.30%	269	24.70%	SC
16	1	Canning	Canning-1	Itkhola	Modhukhali	1 No Rajoni Naskar Para	270	895	480	53.63%	95	10.61%	SC
17	1	Canning	Canning-1	Gopalpur	Badhukula	Dakshin Kalikatala	241	1109	0	0.00%	0	0.00%	—

Memo No:BMOH/GS-RH/1225 Date: 09.10.2026 Annexure-A

Vacancy of ASHA in Canning-I Block

Sl No.	Vacancy No.	Name of Sub - Division	Name of Block	Name of GP	Name of Sub Center	Service Area	Part No. of the concerned Service Area	Total Population of the Service Area	Sc Population of the Service Area	% of SC Population	ST Population of the Service Area	% of ST Poputati on	Preference of ST/SC given, if any
18	1	Canning	Canning-1	Gopalpur	Badhukula	Badhukula Naskar Para	242	1264	500	39.56%	52	4.11%	—
19	1	Canning	Canning-1	Gopalpur	Gopalpur	Golak Para	240	1015	12	1.18%	0	0.00%	—
20	1	Canning	Canning-1	Nikarighata	Belekhali	Banibada Belekhali Modhya Para	213	1106	600	54.25%	39	3.53%	SC
21	1	Canning	Canning-1	Nikarighata	Hatamari	Purbo Hatamari	216	1047	935	89.30%	0	0.00%	SC
22	1	Canning	Canning-1	Hatpukuria	Tentulberia	Tarafdar Para & sardar Para	189	1002	0	0.00%	0	0.00%	—
23	1	Canning	Canning-1	Taldi	Khas Kumrakhali	1. Paschim Khas kumrokhali 2. Khas kumrokhali Modhya Para	70	1100	0	0.00%	0	0.00%	—
24	1	Canning	Canning-1	Taldi	Khas Kumrakhali	Paschim Khas kumrokhali	71	1260	26	2.06%	0	0.00%	—
25	1	Canning	Canning-1	Matla-II	Bahirbena	Bahirbena	120	1002	0	0.00%	0	0.00%	—

Signature of BMOH with Date & Official stamp

Block Medical Officer of Health
Ghutiary Sharif R.H.
Canning-I Block,South 24 Parganas

Signature of BDO with Date & Official stamp

Block Dev. Officer
Canning-I, S-24 Pgs

Signature of SDO
(Member Secretary, ASHA Selection Committee) with Date & Official stamp

Sub-Divisional Officer
Canning, South 24 Pgs.

সংযোজনী-১

ASHA পদের আবেদন পত্র - ২০২৬

For Office Use Only Received On……../……. /……. Index No…… Roll No……		পাসপোর্ট মাপের সাম্প্রতিক প্রার্থীর স্বাক্ষরসহ রঙীন ছবি আঠা দিয়ে লাগান। (পিন/স্টেপল /সেলাই করবেন না)

প্রতি
সমষ্টি উন্নয়ন আধিকারিক,
_____, দক্ষিণ ২৪ পরগণা।

এতদ্বারা নিম্নবিবৃত বিশদ সংলগ্নীকৃত নথি সহ _____গ্রাম পঞ্চায়েত এর অন্তর্গত _____সাব সেন্টারের আশাকর্মী পদের জন্য আবেদন দাখিল করছি।

আবেদনকারীর নাম :					
স্বামী :			পিতা:		
সাধারন বসবাসের ঠিকানা	গ্রাম :		পাড়া / পরিষেবা এলাকার নাম (সংযোজনী-২ অনুযায়ী) :		
	পোষ্ট:		থানা :	জেলা:- দক্ষিণ ২৪ পরগণা	পিন :
যোগাযোগ টেলিফান নং	Mobile:				
বৈবাহিক স্থিতি	বিবাহিত		বিবাহ বিচ্ছিন্না		বিধবা
সাবসেন্টার হতে বসবাস ঠিকানার হাঁটাপথ দূরত্ব	কি.মি. :				
জন্ম তারিখ: ……. /……. /……. (DD/MM/YYYY)	বয়স: (২৫.১১.২০২৬ অনুযায়ী):……বছর……মাস……দিন				
SC/ST/ OBC Certificate নং: (প্রযোজ্য হলে)					

০৯/০৪/২০২৬ তারিখে সাম্প্রতিক ভোটার লিস্ট অনুসারে	**সচিত্র পরিচয়পত্র নং**	**অংশ নং**	**ক্রমিক নং**
আবেদনকারীর:			
বিবাহিতার জীবিত স্বামীর (প্রযোজ্য হলে):			
বিধবার পিতার (প্রযোজ্য হলে):			
বিবাহ বিচ্ছিন্নার পিতার (প্রযোজ্য হলে):			

শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার বিশদ বিবরণ (অতিরিক্ত বিষয় ছাড়া)**:-**

পরীক্ষার নাম	**বোর্ড**	**পরীক্ষার বসার বৎসর**	**মোট নম্বর**	**প্রাপ্তনম্বর**	**শতকরা (%)**

স্ব-প্রত্যায়িত নকল গ্রথিত

১) অ্যাডমিট কার্ডের জন্য সাম্প্রতিক প্রার্থীর স্বাক্ষর সহ রঙীন পাসপোর্ট ছবি ।
২) ৫টাকার ডাক টিকিট সহ নিজ ঠিকানা লেখা খাম ।
৩) মাধ্যমিকবা সমতুল পরীক্ষার অ্যাডমিট /বয়সের প্রমান ।
৪) মাধ্যমিক বা সমতুল পরীক্ষার মার্কসীট ।
৫) EPIC Card, Ration Card.
৬) SC/ST/OBCশংসাপত্র (প্রযোজ্য হলে) ।
৭) স্ব-নির্ভরগোষ্টী / প্রশিক্ষন প্রাপ্ত দাই এবং লিংক ওয়ার্কার এর শংসাপত্র ।
৮) সাম্প্রতিক ভোটার তালিকার বর্তমান অংশ নং, ক্রমিক নং - এর প্রত্যায়িত নকল ।

ঘোষণা

আমি পূর্ণ জ্ঞান ও বিশ্বাস সহ ঘোষণা করছি যে, উপরিবর্ণিত তথ্যাদির প্রামাণ্য নথি মূলে সত্য। কোন তথ্য ভবিষ্যতে মিথ্যা প্রমাণিত হলে আমি দণ্ডনীয় থাকবো। আমি কোনো অসাধু প্রভাব খাটানোর চেষ্টা করলে কর্তৃপক্ষ আমার প্রার্থীপদ খারিজ করে দিতে পারেন ।

স্থান ও তারিখ :

আবেদনকারীর পূর্ণ স্বাক্ষর